# গাজীপুর সিটি কর্পোরেশন
## গাজীপুর।
## ২১ নং ওয়ার্ড সমন্বয় কমিটি (WLCC)

তারিখ: ১৭/০৪/২০২৩ইং

**<u>সভার নোটিশ</u>**

এতদ্বারা সম্মানিত সকল সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২০/০৪/২০২৩ইং রোজ বৃহস্পতিবার সকাল ১০.৩০ মিনিটের সময় ২১ নং ওয়ার্ড কার্যালয়ে ওয়ার্ড সমন্বয় কমিটি (WLCC) সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথা সময়ে আপনার উপস্থিতি একান্ত ভাবে কামনা করছি।

**আলোচ্য সূচী ঃ**

১। মশা নিধন মূলক বিষয়ক আলোচনা।

২। বিভিন্ন রাস্তার চলমান উন্নয়ন মূলক বিষয়ক আলোচনা।

৩। ওয়ার্ডের বর্জ্য ব্যবস্থাপনা মূলক বিষয় নিয়ে আলোচনা।

৪। বিবিধ।

**বিতরণ ঃ**

ওয়ার্ড সমন্বয় কমিটি (WLCC)

ধন্যবাদান্তে,

এস.এম ফারুক আহমেদ
কাউন্সিলর
২১নং ওয়ার্ড, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

১। মাননীয় মেয়র মহোদয় গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

২। প্রধান নির্বাহী কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

৩। অফিস কপি।

# গাজীপুর সিটি কর্পোরেশন

## গাজীপুর।

স্মারক নং-　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　তারিখ: ২০/০৪/২০২৩ইং

২১ নং ওয়ার্ড (WLCC) সভার কার্যবিবরণী ঃ
সভাপতি ঃ এস.এম. ফারুক আহম্মেদ
কাউন্সিলর, ২১ নং ওয়ার্ড
গাজীপুর সিটি কর্পোরেশন।

সভার শুরুতেই সম্মানিত সভাপতি গাজীপুর সিটি কর্পোরেশনের কার্যক্রম সচল ও গতিশীল করার লক্ষে গঠিত কমিটির অদ্যকার সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও স্বাগতম জানিয়ে সভার কাজ শুরু করেন। তারপর আলোচ্য সূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা হয়।

| আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| ওয়ার্ডের বর্জ্য ব্যবস্থাপনা মূলক বিষয় নিয়ে আলোচনা। | সভায় উপস্থিত সম্মানিত সদস্য জনাবা আবু সাঈদ ২১ নং ওয়ার্ডের পবিত্র ঈদউল আজহার কুরবানীর পশুর উৎকৃষ্ট বর্জ্য ও ওয়ার্ডের দৈনন্দিনের বর্জ্য দ্রুত অপসারণের বিষয়ে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরের মাধ্যমে মাননীয় মেয়র মহোদয়ের দৃষ্টি আর্কষন করেন। | সভায় বর্ধিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং কাউন্সিলরগণ সিটি কর্পোরেশনের মাসিক সভায় সংশ্লিষ্ট বিষয় উপস্থাপন করা হবে মর্মে সিদ্ধান্ত হয়। | |
| সিটি কর্পোরেশনের বিভিন্ন রাস্তার চলমান উন্নয়ন মূলক বিষয়ক আলোচনা। | সভায় উপস্থিত সম্মানিত সদস্য জনাবা আনোয়ারা বেগম ২১ নং ওয়ার্ডের বিভিন্ন চলমান রাস্তার উন্নয়ন কাজের ব্যবহৃত মালামালের গুনগত মান নিয়ে আলোচনা করে। এই বিষয়ে সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র মহোদয়ের দৃষ্টি আর্কষন করেন। | সভায় বর্ধিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং কাউন্সিলরগণ সিটি কর্পোরেশনের মাসিক সভায় সংশ্লিষ্ট বিষয় উপস্থাপন করা হবে মর্মে সিদ্ধান্ত হয়। | |
| মশা নিধন মূলক বিষয়ক আলোচনা। | সভায় উপস্থিত সম্মানিত সদস্য জনাব মোজাম্মেল হক সিকদার বর্তমান সময়ে সারাদেশে ব্যাপক হারে এডিস মশা বৃদ্ধির কারণে ডেঙ্গু রোগে আক্রান্ত রোগীর সংখ্যা বেড়ে যাওয়ায় দ্রুত প্রয়োজনীয় মশা নিধন মূলক ঔষধ ছিটানো এবং জনসাধারণের মধ্যে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে কাউন্সিলরের মাধ্যমে মাননীয় মেয়র মহোদয়ের দৃষ্টি আর্কষন করা জন্য অনুরোধ জ্ঞাপন করেন। | সভায় বর্ধিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং কাউন্সিলরগণ সংশ্লিষ্ট বিষয় মেয়র মহোদয়ের নিকট দ্রুত উপস্থাপন করা হবে মর্মে সিদ্ধান্ত হয়। | |

অদ্যকার সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভার গ্রহীত সিদ্ধান্ত গুলি বাস্তবায়নের জন্য অনুরোধ জানিয়ে সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সম্মানিত সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ
১। প্রধান নির্বাহী কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
২। সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৩। সম্মানিত কাউন্সিলর মহোদয় ২১নং ওয়ার্ড গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

এস.এম. ফারুক আহম্মেদ
কাউন্সিলর
২১নং ওয়ার্ড, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

এস.এম. ফারুক আহম্মেদ
কাউন্সিলর, ২১নং ওয়ার্ড
সভাপতি, অঞ্চল-০৫
গাজীপুর সিটি কর্পোরেশন

## ২১ নং- ওয়ার্ড ওয়ার্ড

## লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)

গাজীপুর সিটি কর্পোরেশনের ২১নং ওয়ার্ডের লেভেল কো-অর্ডিনেশন কমিটির **(WLCC)** সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা ও স্বাক্ষর নিম্নরুপঃ-

| ক্রমিক নং | নাম | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | এস.এম. ফারুক আহম্মেদ | চেয়ারম্যান | |
| ০২ | মোছাঃ আয়শা আক্তার | কো-চেয়ারম্যান | |
| ০৩ | মোঃ হুমায়ুন কবির | সদস্য | |
| ০৪ | জমিলা আক্তার | সদস্য | |
| ০৫ | মনোয়ারা বেগম | সদস্য | |
| ০৬ | মোঃ রাজ্জাক সরকার | সদস্য | |
| ০৭ | মোঃ আক্তারুজ্জামান | সদস্য | |
| ০৮ | মোঃ মোজাম্মেল হক সিকদার | সদস্য | |
| ০৯ | আনোয়ারা বেগম | সদস্য | |
| ১০ | মোঃ সেলিম হোসেন | সদস্য | |
| ১১ | মর্জিনা আক্তার | সদস্য | |
| ১২ | মাসুদ করিম | সদস্য | |
| ১৩ | আবু সাঈদ | সদস্য | |
| ১৪ | মোঃ শহিদুল ইসলাম | সদস্য | |
| ১৫ | মোঃ নাজিম উদ্দিন | সদস্য সচিব | |